



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব : www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়ামটো-০২/২০- ২৪

তারিখ: ২০/০১/২০

বিষয়: মানসিক প্রতিবন্ধী মুসলিমার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন সংক্রান্ত।


গত ০৯ জানুয়ারী ২০২০ তারিখে বেসরকারি টেলিভিশন এসএ টিভি-তে প্রচারিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। সংবাদ প্রতিবেদন মতে, শেরপুরের নালিতাবাড়ি উপজেলার উজাপুড়া গ্রামের মৃত আবুল কাসেমের মেয়ে মুসলিমা (১৮) মানসিক প্রতিবন্ধী হওয়ায় কারো ক্ষতি যেন করতে না পারে সে জন্য হাত-পা বেঁধে শিকল দিয়ে ঘরের খুটির সাথে বেঁধে রেখে প্রতিদিন কাজে বের হয় তার মা। ঝড়-বৃষ্টি যাই হোক মুসলিমার মা বাড়ি না ফেরা পর্যন্ত মুসলিমার শিকল বাঁধা অবস্থায়ই ঘরের মেঝে শুয়ে থাকতে হয়। চিৎকার করলেও কেউ দেখতে আসেনা, এমনটাই স্বাভাবিক পরিবারের কাছে। শিকলের বাঁধনে তার হাত-পায়ে দাগ পড়ে গেছে। তবে প্রতিবেশীর তথ্যমতে উন্নত চিকিৎসায় সুস্থ হতে পারে মুসলিমা।

০২। বর্ণিত অবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে একটি বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করার জন্য তাঁকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হল।

আগামী ২০/০২/২০ তারিখ প্রতিবেদন প্রাপ্তির জন্য।

সংযুক্ত: অভিযোগপত্রের ছায়ালিপি (ফর্দ)।

জেলা প্রশাসক
শেরপুর


(এম. রবিউল ইসলাম)

উপপরিচালক

ফোন:-০২-৫৫০১৩৭২০